

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.০০.৭৮০০.০৪২.১৪.১৩৮.২২(অংশ-১).৪৩৬

তারিখ: ১৫ চৈত্র ১৪৩২
২৯ মার্চ ২০২৬

বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে পটুয়াখালী জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ৭৯৭.৯০ লক্ষ (সাত কোটি সাতানব্বই লক্ষ নব্বই হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৪৪২টি প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্র : স্মারক নং- ৪৬.১০.৭৮০০.০০০.০২.০০৪.২৩-৩৯৬, তারিখ: ০৭/১২/২০২৫ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ২০২৫-২৬ অর্থবছরে পটুয়াখালী জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ৭৯৭.৯০ লক্ষ (সাত কোটি সাতানব্বই লক্ষ নব্বই হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৪৪২টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক ৬১ ও ১২৬-এ বর্ণিত ৩.৫০ লক্ষ (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে দুইটি প্রকল্পের বিষয়ে নিম্নবর্ণিত ছকের ৪নং কলামে উল্লিখিত তথ্য প্রমাণকসহ পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য বলা হলো:

ক্রম	প্রকল্প তালিকার ক্রমিক	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	চাহিত তথ্য/মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)
১.	৬১ ও ১২৬	৩.৫০	বর্ণিত প্রকল্পটির রেজিস্ট্রেশনের স্বপক্ষে দালিলিক তথ্য ও প্রমাণক প্রেরণ করা হয়নি। তাই বর্ণিত প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশনের স্বপক্ষে দালিলিক তথ্য প্রমাণকসহ প্রতিষ্ঠানের কার্যক্রমের বিবরণ প্রেরণের জন্য জেলা পরিষদ, পটুয়াখালী-কে অনুরোধ করা প্রয়োজন।

০২। এমতাবস্থায়, উক্ত ২টি প্রকল্প ব্যতীত অবশিষ্ট (৪৪২-২)=৪৪০টি প্রকল্প (৭৯৭.৯০-৩.৫০) = ৭৯৪.৪০ লক্ষ (সাত কোটি চুরানব্বই লক্ষ চল্লিশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে নিম্নবর্ণিত শর্ত যথাযথভাবে অনুসরণপূর্বক বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

শর্তাবলি:

- পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রযোজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;
- সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য 'প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়নে: জেলা পরিষদ, ...' শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;
- গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;
- গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না;
- প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে; এবং
- প্রকল্প তালিকার ক্রমিক ২৩৪, ৩৪৫ ও ৩৬৫-এ বর্ণিত তিনটি প্রকল্প রাস্তা/সড়ক সংস্কার/উন্নয়ন সংক্রান্ত প্রকল্প হওয়ায় উক্ত প্রকল্পসমূহ দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের শর্তে প্রশাসনিক অনুমোদন দেয়া হলো।


খন্দকার ফরহাদ আহমদ
উপসচিব

ফোন: +৮৮০২২২৩০৫৫৫৬৮

Email: lgzp@lgd.gov.bd

বিতরণ:

- প্রশাসক, জেলা পরিষদ, পটুয়াখালী;
- প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পটুয়াখালী।


স্মারক নম্বর : ৪৬.০০.৭৮০০.০৪২.১৪.১৩৮.২২(অংশ-১).৪৩৬/১(৬)

তারিখ: ১৫ চৈত্র ১৪৩২
২৯ মার্চ ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]


খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব